# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীসের সাথে অনভিজ্ঞ ব্যক্তি সংশ্লিষ্ট হয়ে এমন ধারণার বশবর্তী হয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক ইশার সালাত বিলম্ব করার বিষয়টি ইসলামের প্রথম যুগে ছিল

## ذِكْرُ خَبَرٍ قَدْ تَعَلَّقَ بِهِ بَعْضُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ فَزَعَمَ أَنَّ تَأْخِيرَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْعِشَاءِ كَانَ ذَلِكَ فِي أَوَّلِ الْإِسْلَامِ

আরবী

1533 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ اللَّخْمِيُّ بِعَسْقَلَانَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ: أَنَّ عَائِشَةَ قَالَتْ: أَعْتَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً مِنَ اللَّيَالِي بِصَلَاةِ الْعِشَاءِ وَهِيَ الَّتِي تُدْعَى الْعَتَمَةَ فَلَمْ يَخْرُجْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ: نَامَ النِّسَاءُ وَالصِّبْيَانُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لِأَهْلِ الْمَسْجِدِ حِينَ خَرَجَ عَلَيْهِمْ: (مَا يَنْتَظِرُهَا أَحَدٌ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرُكُمْ) وَذَلِكَ قَبْلَ أَنْ يَفْشُوَ الْإِسْلَامُ فِي النَّاسِ.
قَالَ ابْنُ شِهَابٍ: وَذَكَرُوا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (وَمَا كَانَ لَكُمْ أَنْ تَبْدُرُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الصَّلَاةِ) وَذَلِكَ حِينَ صاح عمر بن الخطاب.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1533 | خلاصة حكم المحدث :صحيح .

বাংলা

১৫৩৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার ইশার সালাত বিলম্বে আদায় করেন, যেই সালাতকে আতামাহ বলা হয় না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

সালাত আদায় করার জন্য হুজরা থেকে বের হলেন না। এমনকি উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “নারী ও শিশুরা ঘুমিয়ে পড়েছে!” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের হন। হুজরা থেকে বের হয়ে মসজিদে অবস্থানকারী সাহাবীদের উদ্দেশ্যে বলেন, “পৃথিবীতে তোমরা ছাড়া আর কেউ এই সালাতের জন্য অপেক্ষা করছে না।” এটি মানুষের মাঝে ইসলাম প্রসার লাভ করার আগের ঘটনা।”[1]

ইবনু শিহাব রহিমাহুল্লাহ বলেন, “তারা বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের জন্য এটা সঙ্গত নয় যে, তোমরা সালাতের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অগ্রগামী হয়ো না।” আর এটা তখনই বলেন, যখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু উচ্চ আওয়াজে ডাকেন।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৩৮; মুসনাদ আহমাদ: ৬/১৯৯; সহীহ আল বুখারী: ৫৬৬; নাসাঈ: ১/২৩৯; সুনান বাইহাকী: ১/৩৭৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৫৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90848

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন